ফাতওয়া নাম্বার: ৫৩৫ প্রকাশকালঃ২৮-০২-২০২৫ ইং

# স্ত্রীর কোন আত্মীয়রা মাহরাম?

**প্রশ্ন:**

আমি কিছু দিন আগে বিয়ে করেছি। এখন জানার বিষয় হলো, আমি স্ত্রীর কোন কোন আত্মীয়ের সাথে দেখা দিতে পারবো এবং সে আমার কোন কোন আত্মীয়ের সাথে দেখা দিতে পারবে?

-মুহাম্মাদ জাকের

**উত্তর:**

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى، أما بعد

যাদের সাথে বিয়ে বন্ধনে আবদ্ধ হওয়া স্থায়ীভাবে হারাম, শরয়ী পরিভাষায় তাদের মাহরাম বলা হয় এবং তাদের সাথে দেখা দেয়া জায়েয। স্ত্রীর আত্মীয়দের মধ্যে শুধু তার মা, দাদি ও নানি এবং এই দুই ধারার উর্ধ্বতন নারীরা আপনার মাহরাম। তাই আপনি শুধু তাদের সাথে দেখা দিতে পারবেন।

উল্লেখ্য স্ত্রীর আপন মা, দাদি ও নানির যে বিধান দুধ সম্পর্কের মা, দাদি ও নানিরও একই বিধান। তাই স্ত্রীর দুধ-মা বা দুধ সম্পর্কের মা, দাদি-নানি থাকলে তাদের সাথেও দেখা দিতে পারবেন।

এছাড়া স্ত্রীর বোন, খালা, ফুফু কেউই আপনার মাহরাম নন। তাই তাদের সাথে দেখা দিতে পারবেন না।

আপনার আত্মীয়দের মধ্যে শুধু আপনার বাবা, দাদা ও নানা এবং এই দুই ধারার উর্ধ্বতন পুরুষেরা আপনার স্ত্রীর মাহরাম। তাই তিনি শুধু তাদের সাথে দেখা দিতে পারবেন। আপনার দুধ সম্পর্কের বাবা, দাদা ও নানারও একই বিধান। এমন কেউ থাকলে আপনার স্ত্রী তাদের সাথেও দেখা দিতে পারবেন।

এছাড়া আপনার ছোট বা বড় ভাই, চাচা, মামা কেউই আপনার স্ত্রীর মাহরাম নন, তাই তাদের সাথে তিনি দেখা দিতে পারবে না।

উল্লেখ্য, আপনি একাধিক বিয়ে করলে আপনার এক স্ত্রী আপনার ঔরসে জন্ম নেয়া অন্য স্ত্রীর ছেলে ও নাতীর (পৌত্র ও দৌহিত্রদের) সাথে দেখা দিতে পারবে। তেমনি আপনার স্ত্রীর পূর্বে বিয়ে হয়ে থাকলে এবং সে ঘরে কোনো মেয়ে থাকলে আপনি সেই মেয়ে ও তার মেয়ের সাথে দেখা দিতে পারবেন।

-সূরা নিসা ০৪: ২২-২৪; সূরা নূর: ২৪: ৩১; আল-আসল: ৪/৩৬০-৩৬২ (দারু ইবনি হাযম); বাদায়েউস সানায়ে: ২/২৫৮-২৬০ (দারুল কুতুবিল ইলমিয়্যাহ); আল-হাভীল কুদসী, পৃ: ৩৭০ (দারুন নাওয়াদের); আল-বাহরুর রায়েক: ৩/১০০, ১০১ (দারুল কিতাবিল ইসলামী); রদ্দুল মুহতার: ২/৪৬৪ ও ৩/২৮, ৩০ (দারুল ফিকর)

فقط، والله تعالى أعلم بالصواب

**আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

১৪-০৮-১৪৪৬ হি.

১৪-০২-২০২৫ ঈ.